# ৪৬তম বিসিএস
# প্রিলি ফুল কোর্স
## আন্তর্জাতিক বিষয়াবলি





লেকচার: ০৫


টপিক:

- ✓ **বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি:** (ব্রেটন উডস, World Bank, IMF, ADB, IDB, NDB, GATT and WTO, EU (ইউরোপীয়ন ইউনিয়ন), BIS ও AIIB, বিশ্বের অর্থনীতি ও বিভিন্ন দেশের মুদ্রার নাম)
- ✓ **অর্থনৈতিক জোট:** (D-8, G-7, G-20, BRICS, OPEC, ECO, EFTA ও WEF ও BENELUX).

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি
09666775566
www.uttoron.academy


2nd world war
Europe
Great Depression
League of Nations
info
fact
1914 - 1918
USA
WTO
GATT
WB, WTO,
IMF
France
1944
50
2020
14
1939 - 1945
UNO
Cold
Nato
W-P


B.D
2009
2010
120
WB, ADB, JICA
দুর্নীতি হচ্ছে
ষড়যন্ত্র হয়েছে
অভিযোগ
ADB
JICA
IDB
0
WB
5
Loan
IMF
= মুদ্রার ভারসাম্য রক্ষা করা
WTO
= বিশ্ব বাণিজ্য
Global Economy


2014
5 years
World Bank
UNO

10 → 40

4/5 Finance

15 → 5 → 7

উন্নয়ন + দুর্নীতি

Most Economy

জৈমাগুলিক ভিত্তিতে

# বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি

## ব্রেটন উডস

- ১৯৪৪ সালের ১ থেকে ২২ জুলাই যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ার এর ব্রেটন উডস শহরে একটি সম্মেলন অনুষ্ঠিত হয়।
- এ সম্মেলনে বিশ্বব্যাংক (IBRD) এবং আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) গঠনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ১৯৪৪ সালের ২৭ ডিসেম্বর বিশ্বব্যাংক ও আইএমএফ যাত্রা শুরু করে।



# বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি

## World Bank

- World Bank প্রতিষ্ঠিত হয় ১৯৪৪ সালে এবং আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে ২৫ জুন, ১৯৪৬ সালে।
- এর স্বপ্নদ্রষ্টা জন মেনার্ড কেইনস (ব্রিটেন) ও হ্যারি ডেক্সটার হোয়াইট (যুক্তরাষ্ট্র)।
- এর বর্তমান সদস্য সংখ্যা ১৮৯ (সর্বশেষ নাইরু)। এর দপ্তর ওয়াশিংটন ডি.সি (যুক্তরাষ্ট্র)।
- World Development Report বার্ষিক প্রকাশনাটি IBRD বা World Bank প্রকাশ করে।
- বিশ্বব্যাংক থেকে সবচেয়ে বেশি ঋণ পেয়েছে ভারত। বিশ্বব্যাংক প্রথম ঋণ দেয় ফ্রান্সকে ১৯৪৭ সালে।
- বিশ্বব্যাংকের কার্যনির্বাহী পরিচালকমণ্ডলী ২৪ সদস্যবিশিষ্ট। সদস্য প্রত্যাহারকারী একমাত্র দেশ কিউবা।
- বিশ্বব্যাংকের অঙ্গ সংগঠনগুলো হল: ১. IBRD ২. IDA ৩. IFC ৪. ISCID ৫. MIGA- এদের সদরদপ্তর ওয়াশিংটন ডিসিতে।
- বিশ্বব্যাংক ২০২১ সালে সিদ্ধান্ত নেয় Doing Business Report আর প্রকাশ করবে না।
- বিশ্বব্যাংকের বর্তমান প্রেসিডেন্ট অজয় বাঙ্গা।

# WORLD BANK এর অঙ্গ সংগঠন

| নাম | প্রতিষ্ঠা | সদস্য | কাজ |
|---|---|---|---|
| IBRD (International Bank for Reconstruction and Development) | ২৭ ডিসেম্বর, ১৯৪৫ কার্যক্রম শুরু: ১৯৪৬ | ১৮৯ | এ সংস্থা মধ্য ও নিম্ন আয়ের দেশগুলোতে ঋণ প্রদান করে থাকে। |
| IDA (International Development Association) | ২৪ সেপ্টেম্বর, ১৯৬০ | ১৭৪ | এ সংস্থা অতি দরিদ্র দেশগুলোকে বিনা সুদে ঋণ প্রদান করে থাকে। তাই একে Soft Loan Window বলে। |
| IFC (International Finance Corporation) | ২০ জুলাই, ১৯৫৬ | ১৮৬ | এ সংস্থা উন্নয়নশীল দেশগুলোর বেসরকারী খাতে ঋণ প্রদান করে থাকে। |
| MIGA (Multilateral Investment Guarantee Agency) | ১২ এপ্রিল, ১৯৮৮ | ১৮২ | এ সংস্থা উন্নয়নশীল দেশগুলোর অর্থনৈতিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন এবং জনগণের জীবনযাত্রার মানোন্নয়নের জন্য বৈদেশিক বিনিয়োগকে উৎসাহিত করে। |
| ICSID (International Center for Settlement of Investment Disputes) | ১৪ অক্টোবর, ১৯৬৬ | ১৫৪ | এ সংস্থা আন্তর্জাতিক বাণিজ্য বিরোধ নিরসনে মধ্যস্ততা করে। |

# বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি

**IMF–এর পূর্ণরূপ International Monetary Fund (আন্তর্জাতিক মুদ্রা তহবিল)।**

- ১৯44-এ এটি প্রতিষ্ঠিত হয় এবং ১৯৪৭ এ কার্যক্রম শুরু হয়।
- IMF এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি।
- এর বর্তমান সদস্য দেশ ১৯০টি এবং সর্বশেষ সদস্য অ্যান্ডোরা।
- IMF এর রিজার্ভ সম্পদের আর্থিক একক SDR (Special Drawing Rights) সুবিধা প্রবর্তনের জন্য ১৯৬৯ সালে IMF এর গঠনতন্ত্র সংশোধন করা হয়।
- বর্তমান মহাসচিব ক্রিস্টিলিনা জর্জিয়েভা।
- পরিচালনা পরিষদের সদস্য সংখ্যা ২৪ জন।
- মূলত আন্তর্জাতিক আর্থিক ব্যবস্থাপনা এবং মুদ্রা বিনিময় হার স্থিতিশীল রাখাই IMF এর কাজ।
- Global Financial Stability Report প্রকাশ করে IMF।
- এটি নেতিবাচক ট্রেড ব্যালেন্স পরিশোধের জন্য ঋণ দেয় এবং বৈদেশিক বাণিজ্যের ভারসাম্যহীনতা হ্রাস করে। দারিদ্র্য বিমোচন ও প্রবৃদ্ধি সহায়তা কর্মসূচি PRGF চালু করে ১৯৯৯ সালে।
- সম্প্রতি বাংলাদেশ IMF থেকে ৪৭০ কোটি ডলার ঋণ নেয় যা ৭ কিস্তিতে প্রদান করা হবে। যার প্রথম কিস্তি প্রদান করা হয় ফেব্রুয়ারি ২০২৩।

# বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি

**ADB -এর পূর্ণরূপ Asian Development Bank.**

- এটি প্রতিষ্ঠিত হয় ২২ আগস্ট ১৯৬৬ এবং আনুষ্ঠানিকভাবে কাজ/লেনদেন শুরু করে ১৯৬৬ সালের ১৯ ডিসেম্বর।
- বর্তমানে ADB-এর সদস্য সংখ্যা ৬৮টি ।
- সর্বশেষ সদস্য নিউ গিনি (১১ মার্চ ২০১৯)।
- এর সদর দপ্তর ম্যানিলায় (ফিলিপাইন)।
- এশীয় উন্নয়ন ব্যাংকের প্রেসিডেন্ট নির্বাচিত হন জাপান থেকে।
- প্রথম প্রেসিডেন্ট তাকেসি ওটানের (২৪ নভেম্বর ১৯৬৬ – ২৪ নভেম্বর ১৯৭২)।
- এর বর্তমান প্রেসিডেন্ট মাসাতসুগু আসাকাওয়া, জাপান, (১৭ জানুয়ারী, ২০২০ - বর্তমান)।
- বাংলাদেশ সদস্য পদ লাভ করে ১৯৭৩ সালে।

# বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি

**IsDB-এর পূর্ণরূপ Islamic Development Bank.**

- এটি প্রতিষ্ঠিত হয় ডিসেম্বর, ১৯৭৩ সালে এবং কার্যক্রম শুরু হয় ২০ অক্টোবর, ১৯৭৫ সালে।
- এর সদর দপ্তর জেদ্দায় (সৌদি আরব) অবস্থিত। এর প্রতিষ্ঠাকালীন সদস্য ২২, বর্তমান সদস্য ৫৭।
- সর্বশেষ সদস্য গায়ানা (১৮ মে, ২০১৬)। IsDB, OIC এর একটি বিশেষায়িত সংস্থা।
- IsDB এর সদস্য পদ লাভের জন্য অবশ্যই OIC এর সদস্য হতে হবে।
- ইসলামী ব্যাংক পরিচালনার কয়েকটি মূলনীতি হলো- বিনা সুদে Islamic Development Bank ঋণ প্রদান, মুনাফায় অংশগ্রহণ কর্মসূচি, অংশীদারী বিনিয়োগ, ইক্যুইটি লাইন প্রভৃতি।
- এর বর্তমান প্রেসিডেন্ট ড. মোহাম্মদ সোলাইমান আলজাসের।
- ইসলামী উন্নয়ন ব্যাংক (IsDB) বাংলাদেশে কার্যক্রম শুরু করে ১৯৮৩ সালে।

# POLL QUESTION-01

➢ **নেতিবাচক ট্রেড ব্যালেন্স শোধরাবার জন্য ঋণ দেয়--**

(a) IDA

(b) IFC

(c) IMF

(d) IBRD

# বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি

**NDB** -এর পূর্ণরূপ New Development Bank.

- ২০১৪ সালের ১৫ জুলাই ব্রাজিলের ফোর্তালেজা শহরে BRICS তার ৬ষ্ঠ সম্মেলনে New Development Bank নামে একটি ব্যাংক প্রতিষ্ঠার জন্য চুক্তি স্বাক্ষরিত হয়।
- ব্যাংকটি ২০১৫ সালের ২১ জুলাই চীনের সাংহাই শহরে অনুষ্ঠিত ৭ম শীর্ষ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে।
- অতীতে ব্যাংকটি ব্রিকস ডেভেলপমেন্ট ব্যাংক নামে পরিচিত ছিল। চীনের সাংহাই শহরে ব্যাংকটির সদর দপ্তর অবস্থিত।
- এনডিবির প্রথম আঞ্চলিক কার্যালয় দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে অবস্থিত।
- NDB কে IMF এর বিকল্প ধরা হয়।
- এর বর্তমান প্রেসিডেন্ট দিলমা ভানা রৌসেফ।
- এর সদস্য সংখ্যা ৯টি (ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন, দক্ষিণ আফ্রিকা, বাংলাদেশ, সংযুক্ত আরব আমিরাত, মিশর, উরুগুয়ে)। ১৬ সেপ্টেম্বর, ২০২১ বাংলাদেশ (ষষ্ঠ) সদস্যপদ লাভ করে।

# বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি

**AIIB** -এর পূর্ণরূপ Asian Infrastructure Investment Bank.

- এটি বিশ্বব্যাংক ও ADB এর বিকল্প হিসেবে প্রতিষ্ঠিত হয়।
- ২৪ অক্টোবর, ২০১৪ সালে AIIB গঠন হয় এবং কার্যক্রম শুরু হয় ১৬ জানুয়ারি, ২০১৬ সালে।
- AIIB এর প্রতিষ্ঠাতা সদস্য দেশ ৫৭টি।
- এর সদর দপ্তর বেইজিং (চীন)।
- এর উদ্যোক্তা চীন (২০১৪ সালে)।
- বাংলাদেশ সদস্য পদ লাভ করে ২৪ অক্টোবর, ২০১৪ (প্রতিষ্ঠাকালীন)।
- বর্তমান প্রেসিডেন্ট জিন লিকুন।

# বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি

**GATT - এর পূর্ণরূপ General Agreement on Tariffs and Trade.**




- ব্রেটন উডস সম্মেলনের পরিপ্রেক্ষিতে ১৯৪৭ সালে গঠিত হয়।
- এ সময় সদস্য দেশগুলোর মধ্যে মেধাস্বত্ব বিষয়ক The Agreement on Trade-Related Aspects of Intellectual Property Rights (TRIPS) Agreement সম্পাদিত হয়।
- GATT-এর উদ্যোগে ১৯৮৬ সালের সেপ্টেম্বরে উরুগুয়ে রাউন্ডের সংলাপ শুরু হয়।
- দীর্ঘ ৮ বছর (১৯৮৬ – ১৯৯৪ খ্রি.) এই সংলাপ চলার পর ১৯৯৪ সালে এক চুক্তি সম্পাদনের মাধ্যমে এই উরুগুয়ে রাউন্ড আলোচনার সমাপ্তি ঘটে।
- 'জেনারেল অ্যাগ্রিমেন্ট অন ট্যারিফ অ্যান্ড ট্রেড' (GATT) একমাত্র বহুমুখী সহায়ক সংস্থা হিসেবে বর্তমানে বিশ্ব বাণিজ্যের প্রায় ৯০ শতাংশ সমন্বয় সাধন করে থাকে।

# বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠানাদি

**GATT to WTO-** এর পূর্ণরূপ World Trade Organization.

- ১৯৯৫ সালের ১ জানুয়ারি GATT বিশ্ব বাণিজ্য সংস্থায় (WTO) রূপান্তরিত হয়।
- বিশ্ব বাণিজ্য সংস্থার সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভা শহরে অবস্থিত।
- এর বর্তমান মহাপরিচালক নাগোজি ওকোনজো ইয়েলা (৭ম) (নাইজেরিয়া)।
- বর্তমান সদস্য ১৬৪টি।

WTO

# অর্থনৈতিক জোট

**EU -এর পূর্ণরূপ European Union.**

- বিশ্বের সবচেয়ে বড় বাণিজ্যিক সংস্থা ইউরোপীয় ইউনিয়ন।
- ইউরোপের ২৭টি দেশের একটি অনন্য রাজনৈতিক ও অর্থনৈতিক জোট।
- এটি বিশ্বের সবচেয়ে বড় অর্থনৈতিক জোট হিসেবেও পরিচিত।
- পারস্পরিক স্বার্থে শুল্ক হ্রাসের মাধ্যমে নিজেদের পণ্যের জন্য সুলভ ও সাধারণ বাজার সৃষ্টি করা এর মূল লক্ষ্য।



EU

27

১। Trade

২। Common law

৩। parliament

৪। Bank

৫। Currency

Visa

Spain

portu

Britain

India + Pak

SAARC

Culture

London

1 → 15

1 - 10

12

ASEAN

Unity

১। political

২। Ethnicity

৩। Culture

৪। E. R

English

# অর্থনৈতিক জোট

## ❑ EU প্রতিষ্ঠার ইতিহাস

✓ **রোম চুক্তি**

১৯৫৭ সালের ২৫ মার্চ পশ্চিম ইউরোপের ৬টি দেশের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী ১৯৫৮ সালের ১ জানুয়ারি European Economic Community (EEC) বা European Community (EC) প্রতিষ্ঠিত হয়।

✓ **ম্যাসট্রিক্ট চুক্তি**

ম্যাসট্রিক্ট নেদারল্যান্ডের একটি শহর। ১৯৯২ সালের ৭ ফেব্রুয়ারি নেদারল্যান্ডের ম্যাসট্রিক্ট ইউরোপীয় সম্প্রদায়ের সদস্যদের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয় যা ম্যাসট্রিক্ট (Maastricht Treaty) চুক্তি নামে পরিচিত। ১ নভেম্বর ১৯৯৩ সালে এই চুক্তি কার্যকর হয় যার ফলে 'ইউরোপীয় ইউনিয়ন' গঠিত হয়।

✓ **লিসবন চুক্তি**

২০০৭ সালে স্বাক্ষরিত এবং ২০০৯ সালের ১ ডিসেম্বর কার্যকর হওয়া লিসবন চুক্তিকে বলা হয় ইউরোপীয় ইউনিয়নের অন্যতম সাংবিধানিক ভিত্তি। এর আর্টিকেল ফিফটিতে জোট থেকে বের হয়ে যাওয়ার প্রক্রিয়া সম্পর্কে বলা হয়েছে।

# অর্থনৈতিক জোট

❑ **সদস্য:** সম্প্রতি EU থেকে যুক্তরাজ্য ত্যাগ করায় বর্তমানে EU এর সদস্য সংখ্যা **২৭টি**। এর দাপ্তরিক ভাষা **২৩ টি**।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| অস্ট্রিয়া | সাইপ্রাস | ফিনল্যান্ড | হাঙ্গেরি | লিথুয়ানিয়া | পোল্যান্ড | স্লোভেনিয়া | ক্রোয়েশিয়া | স্লোভাকিয়া |
| বেলজিয়াম | চেক প্রজাতন্ত্র | ফ্রান্স | আয়ারল্যান্ড | লুক্সেমবার্গ | পর্তুগাল | স্পেন | এস্তোনিয়া | নেদারল্যান্ড |
| বুলগেরিয়া | ডেনমার্ক | জার্মানি | ইতালি | মাল্টা | রোমানিয়া | সুইডেন | গ্রিস | লাটভিয়া |


❑ **সদর দপ্তর**

| প্রতিষ্ঠান | সদর দপ্তর |
|---|---|
| ইউরোপীয় ইউনিয়ন, ইউরোপীয় কমিশন | ব্রাসেলস্ (বেলজিয়াম) |
| ইউরোপীয় কাউন্সিল, ইউরোপীয় পার্লামেন্ট | স্ট্রসবার্গ, (ফ্রান্স) |
| ইউরোপীয় কোর্ট অব জাস্টিস | লুক্সেমবার্গ সিটি, লুক্সেমবার্গ |

# অর্থনৈতিক জোট

## Brexit

- Brexit হলো Britain Exit এর সংক্ষিপ্ত রূপ।
- চার দশকের সম্পর্ক ছিন্ন করে ২৮ জাতির অর্থনৈতিক জোট ইউরোপীয় ইউনিয়নের (EU) থেকে আনুষ্ঠানিকভাবে ৩১ জানুয়ারি, ২০২০ সালে যুক্তরাজ্য বের হয়ে যায়।



# অর্থনৈতিক জোট

❑ ইউরোপীয় ইউনিয়নের কাঠামো

- ✓ **ইউরোপীয় কাউন্সিল:** ইউরোপীয়ান কাউন্সিল সদস্য দেশসমূহের সরকার প্রধানদের নিয়ে গঠিত। এটি ইউনিয়নের শীর্ষ নিয়ন্ত্রক সংগঠন। এর মাধ্যমে ইউনিয়নের নীতিমালা ও নির্দেশিকা তৈরি করা হয়। এর **সদর দপ্তর ব্রাসেলস, বেলজিয়াম।**
- ✓ **ইউরোপীয় কমিশন:** ইউরোপীয় কমিশনের দায়িত্ব খসড়া আইন প্রস্তুত করে বিবেচনার জন্য ইউরোপীয় কাউন্সিলের সভায় পেশ করা।
- ✓ **ইউরোপীয় পার্লামেন্ট:** ইউরোপীয় ইউনিয়নের যাবতীয় আইন প্রণয়ন বিষয়ে সহযোগিতা করে। ইউরোপীয় পার্লামেন্টের **সচিবালয় লুক্সেমবার্গে** অবস্থিত। ফ্রান্সের স্ট্রাসবার্গ এবং বেলজিয়ামের ব্রাসেলসে পার্লামেন্টের অধিবেশন বসে।
- ✓ **কোর্ট অব জাস্টিস:** ইউরোপীয় ইউনিয়নের কোর্ট অব জাস্টিস (১৯৫২) আইন প্রয়োগের ব্যাপারে সহযোগিতা দিয়ে থাকে। **লুক্সেমবার্গে** এর সদর দপ্তর অবস্থিত।
- ✓ **কোর্ট অব অডিটরস:** ইউরোপীয় ইউনিয়নের বাজেট পরীক্ষা করে কোর্ট অব অডিটরস (১৯৭৭)। **লুক্সেমবার্গে** এর সদর দপ্তর অবস্থিত।

➢ **Note:** ২০১২ সালে EU শান্তিতে নোবেল পুরস্কার পায়।

# অর্থনৈতিক জোট

## ❑ ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংক

- ইউরোপীয়ান কেন্দ্রীয় ব্যাংকের সদর দপ্তর জার্মানির ফ্রাঙ্কফুটে ১৯৯৮ সালে প্রতিষ্ঠিত হয়।
- ১৯৯৫ সালের ১৬ ডিসেম্বর ইউরো দাপ্তরিকভাবে গৃহীত হয়।
- ১ জানুয়ারি, ১৯৯৯ সালে একক মুদ্রা হিসেবে ইউরো চালু হয়। তখন ছিল ভার্চুয়াল মুদ্রা। ইউরো ব্যাংক নোটের প্রচলন হয় ১ জানুয়ারি ২০০২ থেকে।
- ইউরো মুদ্রার জনক রবার্ট মুন্ডেল।
- ২০০২ সালে ১২টি সদস্য রাষ্ট্র মুদ্রা হিসেবে ইউরো গ্রহণ করে।
- সর্বশেষ ইউরো গ্রহণকারী – **লিথুনিয়া** (১ জানুয়ারি, ২০১৫)।
- বর্তমানে ইউরো মুদ্রা গ্রহণকারী দেশ- ১৯ টি।
- ইউরো মুদ্রা গ্রহণ করেনি যে দেশগুলো- **ইংল্যান্ড, ডেনমার্ক ও সুইডেন**।
- ইউরোমানি হল লন্ডনভিত্তিক অর্থনৈতিক জার্নাল।

# বিভিন্ন দেশের মুদ্রার নাম

| মুদ্রা | দেশ | মহাদেশ |
|---|---|---|
| ডলার | সিঙ্গাপুর, ব্রুনাই, পূর্ব তিমুর | এশিয়া |
| | লাইবেরিয়া, জিম্বাবুয়ে | আফ্রিকা |
| | যুক্তরাষ্ট্র, কানাডা, বার্বাডোস, বাহামা দ্বীপপুঞ্জ, বেলিজ, গ্রানাডা, জ্যামাইকা, সেন্ট লুসিয়া, ত্রিনিদাদ ও টোবাগো, এন্টিগুয়া অ্যান্ড বারমুডা | উ. আমেরিকা |
| | গায়ানা, সুরিনাম | দ. আমেরিকা |
| | অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ফিজি, মার্শাল দ্বীপপুঞ্জ, পালাউ, টুভ্যালু, নাউরু, কিরিবাতি, সলোমন দ্বীপপুঞ্জ | ওশেনিয়া |
| ইউরো | ফ্রান্স, ইতালি, স্পেন, অস্ট্রিয়া, পর্তুগাল, বেলজিয়াম, জার্মানি, লুক্সেমবার্গ,ফিনল্যান্ড, আয়ারল্যান্ড, নেদারল্যান্ডস, গ্রিস, স্লোভেনিয়া, স্লোভাকিয়া, সাইপ্রাস, মাল্টা, এস্তোনিয়া; লাটভিয়া, লিথুয়ানিয়া। EU ভুক্ত দেশ নয় এমন দেশ- মোনাকো, সানম্যারিনো, এন্ডোরা, মন্টিনিগ্রো, কসোভো ও ভ্যাটিকান সিটি। | ইউরোপ |

# বিভিন্ন দেশের মুদ্রার নাম

| মুদ্রা | দেশ | মহাদেশ |
|---|---|---|
| পাউন্ড | সিরিয়া, লেবানন | এশিয়া |
| | যুক্তরাজ্য (পাউন্ড স্টার্লিং) | ইউরোপ |
| | সুদান, মিশর, দক্ষিণ সুদান | আফ্রিকা |
| সুইস ফ্রাঙ্ক | সুইজারল্যান্ড, লিচেনস্টাইন | ইউরোপ |
| পেসো | ফিলিপাইন | এশিয়া |
| | মেক্সিকো, কিউবা, ডোমিনিকান প্রজাতন্ত্র | উ. আমেরিকা |
| | আর্জেন্টিনা, চিলি, উরুগুয়ে, কলম্বিয়া | দ. আমেরিকা |

# বিভিন্ন দেশের মুদ্রার নাম

| মুদ্রা | দেশ | মহাদেশ |
|---|---|---|
| শিলিং | উগান্ডা, কেনিয়া, সোমালিয়া, তাঞ্জানিয়া | আফ্রিকা |
| ক্রোনা | আইসল্যান্ড, সুইডেন | ইউরোপ |
| ক্রোন | ডেনমার্ক, নরওয়ে | ইউরোপ |
| দিরহাম | সংযুক্ত আরব আমিরাত | এশিয়া |
| | মরক্কো | আফ্রিকা |
| দিনার | কুয়েত, ইরাক, জর্ডান, বাহরাইন | এশিয়া |
| | উত্তর মেসিডোনিয়া, সার্বিয়া | ইউরোপ |
| | আলজেরিয়া, লিবিয়া, তিউনিশিয়া | আফ্রিকা |
| রিয়াল | ইয়েমেন, ওমান, কাতার, সৌদি আরব, কম্বোডিয়া | এশিয়া |
| | ব্রাজিল | দ. আমেরিকা |
| তুমান | ইরান (পূর্বে রিয়াল ছিল) | এশিয়া |

# বিভিন্ন দেশের মুদ্রার নাম

| মুদ্রা | দেশ | মহাদেশ |
|---|---|---|
| রুপি | ভারত, সিচেলিস, নেপাল, পাকিস্তান, শ্রীলংকা | এশিয়া |
| | মরিশাস | আফ্রিকা |
| সোম | কিরগিজস্তান, উজবেকিস্তান | এশিয়া |
| রুপিয়া | ইন্দোনেশিয়া, মালদ্বীপ | এশিয়া |
| রুবল | রাশিয়া, বেলারুশ | ইউরোপ |
| লিরা | তুরস্ক | ইউরোপ |
| রেন্ড | দক্ষিণ আফ্রিকা | আফ্রিকা |
| ইয়েন | জাপান | এশিয়া |
| ইউয়ান | চীন | এশিয়া |
| উয়ন | উত্তর ও দক্ষিণ কোরিয়া | এশিয়া |

# POLL QUESTION-02

➢ **ব্রেটন উডস সম্মেলনে কয়টি আন্তর্জাতিক সংস্থা গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়?**

(a) ২টি

(b) ৩টি

(c) ৪টি

(d) ৫টি

# অর্থনৈতিক জোট

## D-8-এর পূর্ণরূপ Developing Eight




- এটি প্রতিষ্ঠিত হয় ১৫ জুন, ১৯৯৭ সালে (উদ্যোক্তা দেশ - তুরস্ক)।
- এর সদর দপ্তর অবস্থিত ইস্তাম্বুল, (তুর্কিয়ে)।
- ৮ টি মুসলিম উন্নয়নশীল দেশের জোটের নাম D-8.
- ১০ম সম্মেলন হয় ৮ এপ্রিল ২০২১, ঢাকা, বাংলাদেশ।
- বর্তমান D-8 এর মহাসচিব ইসিয়াকা আবদুল কাদির ইমাম (নাইজেরিয়া)।
- D-8 এর সদস্য দেশ সমূহ- বাংলাদেশ, পাকিস্তান, মালয়েশিয়া, নাইজেরিয়া, ইরান, তুর্কিয়ে, মিশর, ইন্দোনেশিয়া।

# অর্থনৈতিক জোট

**G-7 -এর পূর্ণরূপ Group of Seven.**




- এটি প্রতিষ্ঠিত হয় **১৫ নভেম্বর, ১৯৭৫** সালে।
- এটি হলো আন্তর্জাতিক মুদ্রা তহবিল স্বীকৃত বিশ্বের প্রধান সাতটি উন্নত অর্থনীতির দেশ নিয়ে গঠিত একটি অর্থনৈতিক সংস্থা।
- এর সদস্য দেশসমূহের নাম যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, জাপান, জার্মানি, ফ্রান্স, ইতালি এবং কানাডা।
- **১৯৯৮** সালে রাশিয়া এর সদস্য সংখ্যা হয় এবং এটি G-8 নামে পরিচিতি লাভ করে।
- ২০১৪ সালে রাশিয়া ক্রিমিয়া অধিকার করলে রাশিয়াকে G-8 থেকে বহিষ্কার করা হয় এবং এর নাম হয় G-7।
- চীন পৃথিবীর ২য় বৃহত্তম শীর্ষ ধনী দেশ অথচ G-7 ভুক্ত নয়।
- এর কোনো সদর দপ্তর নেই।
- G-7 এর ৪৮তম সম্মেলন অনুষ্ঠিত হয় জার্মানিতে ২০২২ সালে।

# অর্থনৈতিক জোট

## G-20 -এর পূর্ণরূপ Group of Twenty

- বিশ্বের **১৯ টি** দেশ ও ইউরোপীয় ইউনিয়নের একটি অর্থনৈতিক সংগঠন।
- **১৯৯৯ সালে প্রতিষ্ঠিত** সংগঠনটির সদস্য দেশগুলোর শীর্ষ নেতাদের সম্মেলন ২০০৮ সাল থেকে প্রতি বছর অনুষ্ঠিত হয়ে আসছে।
- কানাডার সাবেক অর্থমন্ত্রী **পল মার্টিন** প্রথম জি ২০ গঠনের প্রস্তাব করেন।
- **২০২৩ সালের ১৮তম** শীর্ষ সম্মেলন ভারতের নতুন দিল্লিতে অনুষ্ঠিত হয়।
- পরবর্তী সম্মেলন হবে **ব্রাজিলে**।
- **এর কোন সদর দপ্তর নেই।**
- G-20 **সদস্যসমূহ (১৯টি দেশ ও ২টি সংস্থা)**- আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া, ব্রাজিল, কানাডা, চীন, ফ্রান্স, জার্মানি, ভারত, ইন্দোনেশিয়া, ইতালি, জাপান, মেক্সিকো, দক্ষিণ কোরিয়া, রাশিয়া, সৌদি আরব, দক্ষিণ আফ্রিকা, তুরস্ক, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ইউরোপিয়ান ইউনিয়ন ও আফ্রিকা ইউনিয়ন (২১তম সদস্য)।

# অর্থনৈতিক জোট

**BRICS**–এর পূর্ণরূপ ব্রাজিল (Brazil), রাশিয়া (Russia), ভারত (India), চীন (China) ও দক্ষিণ আফ্রিকা (South Africa)

- ব্রিকস (BRICS) গঠিত হয়, **২০০৬ সালে**।
- এর **প্রথম সম্মেলন** অনুষ্ঠিত হয় **১৬ জুন, ২০০৯** সালে ইকাতেরিনবার্গ, **রাশিয়ায়**।
- ২০১৪ সালের ১৫ জুলাই ব্রাজিলের ফোর্তালেজা শহরে BRICS তার ৬ষ্ঠ সম্মেলনে New BRICS Development Bank (NDB) নামে একটি ব্যাংক প্রতিষ্ঠা করে।
- ব্যাংকটি ২০১৫ সালের ২১ জুলাই চীনের সাংহাই শহরে অনুষ্ঠিত ৭ম শীর্ষ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে।
- ব্রিকসে নতুন **ছয়** দেশকে অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ২৪ আগস্ট ২০২৩ সালে জোটের **১৫তম** শীর্ষ সম্মেলনে নতুন সদস্য দেশগুলোর নাম ঘোষণা করেন দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট **সিরিল রামাফোসা**।
- নতুন পূর্ণ সদস্য ৬টি দেশ—
  **মিশর, ইথিওপিয়া, ইরান, আর্জেন্টিনা, সংযুক্ত আরব আমিরাত ও সৌদি আরব**।




Socialist

Regional

# অর্থনৈতিক জোট

**OPEC -এর পূর্ণরূপ Organization of the Petroleum Exporting Countries**

- তেলের উৎপাদন ও মূল্য নিয়ন্ত্রণের লক্ষ্যে গঠিত এই সংস্থা প্রতিষ্ঠিত হয় বাগদাদে ১৪ সেপ্টেম্বর, ১৯৬০ সালে।
- এর সদর দপ্তর অবস্থিত ভিয়েনায়, (অস্ট্রিয়া)।
- বর্তমান সদস্য সংখ্যা ১৩।
- ১ জানুয়ারি ২০১৯ এ কাতার এবং ১ জানুয়ারি ২০২০ এ ইকুয়েডর সদস্য পদ ছেড়ে দেয়।
- ২০২২ সালের তথ্যানুযায়ী তেল মজুদে শীর্ষ দেশ- ভেনিজুয়েলা, তেল উৎপাদন ও ব্যবহারে শীর্ষ দেশ- যুক্তরাষ্ট্র, তেল রপ্তানিতে শীর্ষ দেশ- সৌদি আরব, তেল আমদানিতে শীর্ষ দেশ- চীন।

**ওপেক বৈচিত্র্য**

- অ-আরব দেশ → নাইজেরিয়া, ভেনিজুয়েলা, অ্যাঙ্গোলা, নিরক্ষীয় গিনি, গ্যাবন, সর্বশেষ কঙ্গো প্রজাতন্ত্র (২২ জুন ২০১৮)।
- অ-আরব এশীয় দেশ → ইরান
- আরব দেশ → আলজেরিয়া, ইরাক, কুয়েত, লিবিয়া, সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাত।

# অর্থনৈতিক জোট

## OPEC Plus Countries

- OPEC-ভুক্ত নয় এমন যেসব দেশ অপরিশোধিত তেল রপ্তানি করে সেসব দেশের জোটটি হলো OPEC Plus।
- এ জোটের সদস্য দেশগুলো হলো আজারবাইজান, বাহরাইন, ব্রুনাই, কাজাখস্তান, মালয়েশিয়া, মেক্সিকো, ওমান, রাশিয়া, দক্ষিণ সুদান এবং সুদান।
- ২০১৭ সাল থেকে OPEC Plus তেলের বাজারে সরবরাহ ঠিক করার জন্য পদক্ষেপ গ্রহণ করে।

# অর্থনৈতিক জোট

**ECO** -এর পূর্ণরূপ Economic Co-Operation Organization.

- এটি প্রতিষ্ঠিত হয় **১৯৮৫** সালে।
- এর সদর দপ্তর অবস্থিত **তেহরানে (ইরান)।**
- এটি পূর্বতন সংগঠন Regional Co-Operation for Development (RCD), যেটি প্রতিষ্ঠিত হয়েছিল ১৯৬২ সালে।
- এর প্রতিষ্ঠাতা সদস্য **৩টি** (ইরান, পাকিস্তান, তুরস্ক)।
- **বর্তমান সদস্য : ১০টি**। এর সবগুলো সদস্যই ওআইসির সদস্য। সদস্য রাষ্ট্রগুলো হলো- ইরান, পাকিস্তান, তুরস্ক, আফগানিস্তান, কিরগিজস্তান, তুর্কেমেনিস্তান, উজবেকিস্তান, কাজাখস্তান, আজারবাইজান ও তাজিকিস্তান।

# অর্থনৈতিক জোট

**WEF** -এর পূর্ণরূপ World Economic Forum.

- ❑ **এটি প্রতিষ্ঠিত হয় জানুয়ারি ১৯৭১ সালে।**
- ❑ ২০২১ সালে সংস্থাটির প্রতিষ্ঠার সুবর্ণজয়ন্তী বা ৫০ বছর পালিত হয়েছে।
- ❑ **এর সদর দপ্তর সুইজারল্যান্ড।**
- ❑ এর শ্লোগান হলো 'বিশ্ব রাষ্ট্রের উন্নতি করতে প্রতিশ্রুতিবদ্ধ'।
- ❑ WEF এর কাজ হলো আন্তর্জাতিক বিভিন্ন সূচক প্রকাশ করা।
- ❑ প্রতি বছর সুইজারল্যান্ডের দাভোসে এর সভা অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- ❑ সভায় চলতি বিশ্বের স্বাস্থ্য ও পরিবেশ সম্পর্কিত ব্যবসায়িক ব্যক্তিত্ব, আন্তর্জাতিক রাজনৈতিক নেতা, খ্যাতনামা বুদ্ধিজীবী, ও সাংবাদিকদের আমন্ত্রণ জানানো হয়।
- ❑ WEF ২০১৫ সালে সরকারি-বেসরকারি সহযোগিতা বিষয়ক আন্তর্জাতিক সংস্থা হিসেবে স্বীকৃতি লাভ করে।

# অর্থনৈতিক জোট

**BENELUX** -এর পূর্ণরূপ Belgium. Netherlands and Luxemburg's Economic Co-operation.

- এর প্রতিষ্ঠাকাল **৫ সেপ্টেম্বর, ১৯৪৪**।
- এর সদর দপ্তর অবস্থিত বেলজিয়ামের ব্রাসেলস-এ।
- এর সদস্য সংখ্যা- **৩টি** (বেলজিয়াম, নেদারল্যান্ড, লুক্সেমবার্গ)।

# POLL QUESTION-03

- **WEF এর বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়?**

(a) ওয়াশিংটন ডিসি

(b) প্যারিস

(c) দাভোস

(d) ব্রাসেলস

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

- **কোথায় ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংক অবস্থিত?** [৪৫তম বিসিএস]
  (ক) লন্ডন (খ) প্যারিস (গ) ব্রাসেলস (ঘ) ফ্রাঙ্কফুর্ট

- **TIFA এর পূর্ণরূপ কী?** [৪৫তম বিসিএস]
  (ক) Trade for International Finance.
  (খ) Trade and Investment Framework Agreement
  (গ) Treaty for International Free Area
  (ঘ) Trade and Investment form America

- **২০২২ সালে G-20 শীর্ষ বৈঠক কোথায় অনুষ্ঠিত হয়?** [৪৫তম বিসিএস]
  (ক) সিংগাপুর (খ) জাকার্তা (গ) ম্যানিলা (ঘ) বালি

- **কোন দেশটি ইউরোপীয় ইউনিয়নের সদস্য নয়?** [৪৫তম বিসিএস]
  (ক) সাইপ্রাস (খ) আলজেরিয়া (গ) ইস্টোনিয়া (ঘ) মাল্টা

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➢ নিচের কোন দেশটি ডি-৮ এর সদস্য নয়? [৪৪তম বিসিএস]

(ক) জর্দান (খ) ইরান (গ) মিশর (ঘ) মালয়েশিয়া

➢ World Economic Forum-এর বাৎসরিক অধিবেশন কোথায় অনুষ্ঠিত হয়? [৪৪তম বিসিএস]

(ক) প্যারিস (খ) জুরিখ (গ) দাভোস (ঘ) বার্ন

➢ World Development Report কোন সংস্থার বার্ষিক প্রকাশনা? [৪৩তম বিসিএস]

(ক) UNDP (খ) World Bank (গ) IMF (ঘ) BRICS

➢ বাংলাদেশ কোনটির সদস্য নয়? [৪৩তম বিসিএস]

(ক) BCIM-EC (খ) OAS (গ) OIC (ঘ) BIMSTEC

➢ কোনটি "Bretton Woods Institutions" এর অন্তর্ভুক্ত? [৪২তম বিসিএস (বিশেষ)]

(ক) IDB (খ) IMF (গ) WTO (ঘ) ADB

➢ আন্তর্জাতিক মুদ্রা তহবিল কোন সালে গঠিত হয়? [৪১তম বিসিএস]

(ক) ১৯৪৪ সালে (খ) ১৯৪৫ সালে (গ) ১৯৪৮ সালে (ঘ) ১৯৪৯ সালে

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➢ BRICS কর্তৃক প্রতিষ্ঠিত ব্যাংকের নাম হচ্ছে- [৪০তম বিসিএস]

(ক) New Development Bank (NDB) (খ) BRICS Development Bank (BDB)

(গ) Economic Development Bank (EDB) (ঘ) International Commercial Bank (ICB)

➢ ২০১৮ সালে অনুষ্ঠিত জি-সেভেন শীর্ষ সম্মেলনের পর যৌথ ঘোষণার স্বাক্ষর প্রদানে কোন দেশ বিরতি ছিল? [৩৯তম বিসিএস]

(ক) যুক্তরাষ্ট্র (খ) ফ্রান্স (গ) জার্মানি (ঘ) ইতালি

➢ যুক্তরাষ্ট্রে রপ্তানি বাণিজ্যের বৃহত্তম বাজার কোথায়? [৩৯তম বিসিএস]

(ক) ইইউ (খ) ভারত (গ) কানাডা (ঘ) চীন

➢ সর্বপ্রথম কোথায় ওপেক এর সদর দপ্তর স্থাপিত হয়? [৩৯তম বিসিএস]

(ক) জেনেভা (খ) ভিয়েনা (গ) জেদ্দা (ঘ) বাগদাদ

# বিগত সালের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➢ বিশ্বব্যাংক সংশ্লিষ্ট কোন সংস্থাটি স্বল্প আয়ের উন্নয়নশীল দেশে বেসরকারি খাতে আর্থিক সহায়তা ও উপদেশ দিয়ে থাকে? [৩৭তম বিসিএস]

(ক) IFC (খ) IBRD (গ) MIGA (ঘ) ICSID

➢ IMF-এর সদর দপ্তর অবস্থিত- [৩৭তম বিসিএস]

(ক) ওয়াশিংটন ডিসি (খ) নিউইয়র্ক (গ) জেনেভা (ঘ) রোম

➢ SDR (Special Drawing Rights) সুবিধা প্রবর্তনের জন্য কত সালে IMF এর গঠনতন্ত্র (Articles) সংশোধন করা হয়েছিল? [৩৭তম বিসিএস]

(ক) ১৯৬৯ (খ) ১৯৭১ (গ) ১৯৭৫ (ঘ) ১৯৭৮

# BCS কঠিন নয়;
# প্রস্তুতি যদি গোছানো হয়

Facebook Page
https://www.facebook.com/uttoronacademy

Facebook Group (BCS উত্তরণ)
https://www.facebook.com/groups/www.uttoron.academy

YouTube Channel
https://www.youtube.com/c/Uttoron

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

BCS অনলাইন ও অফলাইনের সমন্বয়ে গোছানো প্রস্তুতি
(https://www.youtube.com/watch?v=MFKW8FSNnP0)

09666775566
www.uttoron.academy